

💵 জানাযার বিধিবিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযার বিধিবিধান সংক্রান্ত ৭০টি প্রশ্ন রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

৪৮: মৃতের সাথে লেনদেন সংক্রান্ত কিছু ঘটে থাকলে মৃত ব্যক্তির অভিভাবক সে বিষয়টি সমাধানের জন্য জানাযায় অংশগ্রহণকারীদের কাছে আবেদন করতে পারে কি?

এমন কর্ম বিদ'আতের অন্তর্ভুক্ত। কেননা মৃতের সাথে যার কোনো লেনদেন নেই, মৃত ব্যক্তি সম্পর্কে তার মনে কিছুই থাকে না। আর যার সাথে মৃত ব্যক্তির লেনদেন থাকে এবং সে যদি তা আদায় করে মৃত্যুবরণ করে, তাহলেও তার মনে কিছু থাকে না। কিন্তু যদি মৃত ব্যক্তি লেনদেনের পরিসমাপ্তি না করে মারা যায়, তাহলে লেনদেনে জড়িত ব্যক্তি তার সমাধান করতেও পারে, আবার নাও করতে পারে। রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন, 'যে ব্যক্তি পরিশোধ করার নিয়াতে কারো কাছ থেকে অর্থ-সম্পদ নিল, আল্লাহ তার পক্ষ থেকে আদায় করে দিবেন। কিন্তু যে ব্যক্তি ক্ষতি করার উদ্দেশ্যে কারো অর্থ-সম্পদ নিল, আল্লাহ তার ক্ষতি সাধন করবেন'।[1]

ফুটনোট

[1]. বুখারী, 'ঋণ নেওয়া' অধ্যায়, হা/২৩৮৭।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=1705

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন